কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নথি নং-১২.০২.০০০০.০০০.০১৬.০৬.০০০১.২৫-৬৩৬ তারিখঃ ২৬/০১/২০২৬ খ্রি.।

**বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও আসন্ন গণভোট উপলক্ষ্যে জনসচেতনতা সৃষ্টি ও করণীয় বিষয়ে কৃষি মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে মতবিনিময় সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-৫ অধিশাখার ২২/০১/২০২৬ খ্রি. তারিখের ১২.০০.০০০০.০০০.০২৪.১৬.০০৪.২৫.৩৩ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও আসন্ন গণভোট উপলক্ষ্যে জনসচেতনতা সৃষ্টি ও করণীয় বিষয়ে সচিব, কৃষি মন্ত্রণালয় এর সভাপতিতে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে গত ০৭ জানুয়ারি, ২০২৬ তারিখে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী।

([illegible]-উদ-দৌলা)
মহাপরিচালক (অতি: দা:)
e-mail: dg@dam.gov.bd

নথি নং-১২.০২.০০০০.০০০.০১৬.০৬.০০০১.২৫- তারিখঃ /০১/২০২৬ খ্রি.।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২। উপপরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৪। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (সকল) কৃষি বিপণন অধিদপ্তর।
৫। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬। কৃষি বিপণন কর্মকর্তা (সকল), কৃষি বিপণন অধিদপ্তর।
৭। সহকারী পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৮। সহকারী পরিচালক (প্রশিক্ষণ) সকল, কৃষি বিপণন অধিদপ্তর
৯। উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা (সকল), কৃষি বিপণন অধিদপ্তর।

২৬/০১/২০২৬
(অপু সরকার)
সহকারী পরিচালক
(প্রশিক্ষণ ও সমন্বয়)
ফোন: ৫৫০২৮৪৪৪

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৫ অধিশাখা
www.moa.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক: ১২.০০.০০০০.০০০.০২৪.১৬.০০৪.২৫.৩৩

তারিখ: ০৮ মাঘ ১৪৩২ / ২২ জানুয়ারি ২০২৬

**বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও আসন্ন গণভোট উপলক্ষ্যে জনসচেনতা সৃষ্টি ও করণীয় বিষয়ে কৃষি মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে মতবিনিময় সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৫৩.০০০১.২৫.১৭; তারিখ: ৭ জানুয়ারি ২০২৬।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও আসন্ন গণভোট উপলক্ষ্যে জনসচেনতা সৃষ্টি ও করণীয় বিষয়ে সচিব, কৃষি মন্ত্রণালয়-এর সভাপতিত্বে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে গত ০৭ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০২ পৃষ্ঠা।

২২/০১/২৬

মো: সাইদুর রশিদ
উপসচিব
ফোন: ৫৫১০০৬২৬
ইমেইল: admn5.moa@gmail.com

**বিতরণ (মন্ত্রণালয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন/সম্প্রসারণ/গবেষণা/পরিকল্পনা/পিপিসি/নীরিক্ষা/সার ব্যবস্থাপনা ও উপকরণ/), কৃষি মন্ত্রণালয়।
২. অতিরিক্ত সচিব ও মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়।

**বিতরণ (দপ্তর/সংস্থা) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৩. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৫. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৬. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৭. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
৯. মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর।
১১. মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা।
১২. মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী, জয়দেবপুর, গাজীপুর।
১৩. নির্বাহী পরিচালক, ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, আড়াইহাজার, নারায়নগঞ্জ।
১৪. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
১৫. নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
১৬. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।
১৭. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর।

অনুলিপি:

১. যুগ্মসচিব (প্রশাসন), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৫ অধিশাখা
www.moa.gov.bd

**ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও আসন্ন গণভোট উপলক্ষ্যে জনসচেনতা সৃষ্টি ও করণীয় বিষয়ে কৃষি মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে মতবিনিময় সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | : সচিব, কৃষি মন্ত্রণালয় |
| তারিখ ও বার | : ০৭ জানুয়ারি ২০২৬; বুধবার |
| সময় | : বিকাল ০৪.০০ টা |
| স্থান | : মন্ত্রণালয়ের সভা কক্ষে (কক্ষ নং-৫১৭, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়) |

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি Zoom-এ সংযুক্ত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সংক্রান্ত জনসচেনতামূলক প্রচার কার্যক্রমের মূখ্য সমন্বয়ক ও মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী অধ্যাপক আলী রিয়াজ ও বিশেষ সহকারী (ঐক্যমত্য) জনাব মনির হায়দারকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

০২। তিনি জানান যে, আজকের এ সভায় মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক, আওতাধীন দপ্তর/সংস্থার প্রধান, সকল প্রকল্প পরিচালকবৃন্দ, কৃষি অঞ্চলের প্রধান, অঞ্চল পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, জেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তাসহ প্রায় ১৭ হাজার কর্মকর্তা Zoom-এ সংযুক্ত আছেন।

০৩। তিনি আরও জানান যে, গত ০৫ জানুয়ারি ২০২৬ তারিখ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাবৃন্দ, দপ্তর/সংস্থার প্রধানগণ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক এবং উপপরিচালকদের সমন্বয়ে প্রাথমিক পর্যায়ে একটি সভা অনুষ্ঠিত হয়। কৃষি তথ্য সার্ভিস এর মাধ্যমে নিজস্ব ব্যবস্থাপনায় গণভোটের প্রচার ও ভোটার উদ্বুদ্ধকরণের জন্য প্রয়োজনীয় সংখ্যক লিফলেট ছাপিয়ে 'কৃষি কথা' সাময়িকীর সাথে এবং মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের মাধ্যমে কৃষকদের নিকট পৌছানো হবে। এছাড়া, কৃষি তথ্য সার্ভিসের মাধ্যমে গণভোট সম্পর্কিত ভিডিও ডকুমেন্টারী তৈরি করে ১৪টি কৃষি অঞ্চলে মোবাইল ভ্যানের মাধ্যমে প্রচার করা হবে। কৃষি তথ্য সার্ভিস কর্তৃক পরিচালিত 'কমিউনিটি রেডিও' এবং 'কৃষি কল সেন্টার' এর মাধ্যমে গণভোট সম্পর্কে প্রচারণা চালানো হবে।

০৪। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে সকল সরকারি যোগাযোগে নির্বাচনের পূর্ব পর্যন্ত গণভোটের লোগো ব্যবহারের নির্দেশনা প্রদান করা হয়েছে। মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় ০২টি করে ড্রপ ডাউন ব্যানার দৃষ্টি নন্দন স্থানে প্রদর্শনের ব্যবস্থা করা হবে এবং ইলেট্রনিক বিল বোর্ডের মাধ্যমে গণভোটের বিষয়ে প্রচারণা চালানো হবে।

০৫। ইতোমধ্যে ৭৪টি প্রকল্প পরিচালককে মাঠ পর্যায়ে প্রশিক্ষণ, মাঠ দিবস এবং কৃষক সমাবেশে গণভোট সম্পর্কে কৃষকদের মধ্যে সচেতনতা সৃষ্টির নির্দেশনা প্রদান করা হয়েছে। কৃষক পর্যায়ে প্রচারণার জন্য কৃষক মাঠ স্কুল, এআইসিসি ও কৃষক প্রশিক্ষণ, মাঠ দিবস, উঠান বৈঠক ও সমাবেশের মাধ্যমে গণভোট সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও ভোট দানের উদ্বুদ্ধ করার জন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৬। মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐক্যমত্য) জনাব মনির হায়দার সভায় জানান যে, এ মুহূর্তে বাংলাদেশ সরকার ও জনগণের জন্য সর্বোচ্চ অগ্রাধিকার হলো গণভোট। গণভোট আয়োজনের মূল উদ্দেশ্য হলো বাংলাদেশে আর যেন ফ্যাসিবাদের উত্থান না হয়, সঠিক গণতন্ত্র চর্চা হয় এবং ভবিষ্যতে সুষ্ঠু ও সুন্দর গণতান্ত্রিক পরিবেশ বজায় থাকে। কৃষি বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের মাধ্যমে ভোটারদের নিকট গণভোট সম্পর্কে সঠিক তথ্য পৌছাতে হবে।

০৭। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সংক্রান্ত জনসচেনতামূলক প্রচার কার্যক্রমের মূখ্য সমন্বয়ক ও মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী অধ্যাপক আলী রিয়াজ বলেন যে, বাংলাদেশের মানুষ বিগত ৩৫ বছর যাবত গণভোট সম্পর্কে জানে না। অনেকের কাছে গণভোট একটি নতুন বিষয়। গণভোট কি এবং কেন এ বিষয়ে জনগণ প্রশ্ন করলে জনগণকে সে বিষয়ে অবহিত করতে হবে। এই গণভোট মূলত আগামীতে দেশ কিভাবে চলবে তা ঠিক করে দেওয়ার জন্য।

(চলমান পাতা-০২)

০৮। এছাড়া গণভোট সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং বিভিন্ন কর্মকর্তাগণ এ বিষয়ে মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | ব্যবস্থাপনায়/ বাস্তবায়নে |
|---|---|---|
| ১) | সাধারণ জনগণকে গণভোট সম্পর্কে বুঝাতে হবে যে,<br>১. গণভোট কি এবং কেন;<br>২. নারীদেরকে বুঝানোর ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে;<br>৩. গণভোট সম্পর্কিত লিফলেট জনগণের কাছে পৌছাতে হবে এবং সময় নিয়ে তাদের বুঝাতে হবে;<br>৪. গণভোট সম্পর্কিত ব্যানার উপযুক্ত স্থানে প্রদর্শন করতে হবে;<br>৫. উপসহকারী কৃষি কর্মকর্তারা গণভোট বিষয়ে কৃষকদের নিকট প্রচার করবে এবং কতজন ভোটারের নিকট পৌছাতে পেরেছে তার তথ্য সংকলনপূর্বক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করবে; | সকল দপ্তর/সংস্থা |
| ২) | ১. গণভোটের প্রচার ও ভোটার উদ্বুদ্ধকরণের জন্য প্রয়োজনীয় সংখ্যক লিফলেট ছাপাতে হবে, যা মাঠ পর্যায়ে কর্মকর্তা-কর্মচারীদের মাধ্যমে সাধারণ কৃষকের নিকট পৌছাতে হবে।<br>২. 'কৃষি কথা' সাময়িকীর সাথে গণভোটের লিফলেট বিতরণ করতে হবে।<br>৩. ১৪টি কৃষি অঞ্চলে মোবাইল ভ্যানের মাধ্যমে গণভোট সম্পর্কিত ভিডিও ডকুমেন্টারী প্রচার করতে হবে।<br>৪. 'কমিউনিটি রেডিও' এবং 'কৃষি কল সেন্টার' এর মাধ্যমে গণভোট সম্পর্কে প্রচারণা চালাতে হবে। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর<br>ও<br>কৃষি তথ্য সার্ভিস |
| ৩) | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে সকল সরকারি যোগাযোগে নির্বাচনের পূর্ব পর্যন্ত গণভোটের লোগো ব্যবহার করতে হবে। | কৃষি মন্ত্রণালয়<br>ও<br>সকল দপ্তর/সংস্থা |
| ৪) | ১. মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় ০২টি করে ড্রপ ডাউন ব্যানার দৃষ্টি নন্দন স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।<br>২. দপ্তর/সংস্থার ইলেট্রনিক বিল বোর্ডের মাধ্যমে গণভোটের বিষয়ে প্রচারণা চালাতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৫) | মাঠ পর্যায়ে প্রশিক্ষণ, মাঠ দিবস এবং কৃষক সমাবেশে গণভোট সম্পর্কে কৃষকদের মধ্যে গণসচেতনতা সৃষ্টির ব্যবস্থা করতে হবে। | সকল<br>প্রকল্প পরিচালক |
| ৬) | কৃষক পর্যায়ে প্রচারণার জন্য কৃষক মাঠ স্কুল, এআইসিসি ও কৃষক প্রশিক্ষণ, মাঠ দিবস, উঠান বৈঠক ও সমাবেশের মাধ্যমে গণভোট সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও ভোট দানের উদ্বুদ্ধ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |

০৯। পরিশেষে, সভাপতি সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান)
সচিব
কৃষি মন্ত্রণালয়